

বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইন্সটিটিউশন  
মান ভবন  
১১৬/ক, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।

বিষয়: অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) মাসিক প্রতিবেদন।

মাসের নাম: আগস্ট, ২০২০ খ্রিঃ।

বর্তমান মাসে প্রাপ্ত অভিযোগের সংখ্যা		মোট (১+২)	পূর্বের জের	মোট অভিযোগ (৩+৪)	বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা	নিষ্পত্তিকৃত অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ	অনিষ্পত্তিকৃত অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ	মন্তব্য (%)সহ
পত্র/দরখাস্ত যোগে	অনলাইনে/টেলিফোনে							
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)
৪	১	৫	১	৬	৪	কপি সংযুক্ত (পরিশিষ্ট-ক)	কপি সংযুক্ত (পরিশিষ্ট-খ)	

*স্বাক্ষর*  
০৪/২/২০২০

(মোঃ রিয়াজুল হক)

উপ-পরিচালক (সিএম)

ও

GRS ফোকাল পয়েন্ট কর্মকর্তা

পরিশিষ্ট 'ক' (নিষ্পত্তিকৃত অভিযোগের বিবরণ)

- ১। জনাব সাখাওয়াত খান নামীয় ব্যক্তি অভিযোগ করেন যে, তার ক্রয়কৃত ভিশন আয়রণ ত্রুটিপূর্ণ। উক্ত অভিযোগের প্রেক্ষিতে ভিশন ব্র্যান্ডের আয়রণ এর নমুনা সংগ্রহ করে পরীক্ষা করা হয়েছে। পরীক্ষান্তে নমুনাটি কৃতকার্য হয়েছে। পরীক্ষণ ফলাফল উৎপাদনকারী ও অভিযোগকারীকে জানিয়ে দেয়া হয়েছে।
- ২। নেসলে বাংলাদেশ লিঃ কর্তৃক অভিযোগ করা হয় যে, নেসলে বাংলাদেশ লিঃ এর আমদানিকৃত গুড়ো দুধ, শিশু খাদ্য ও কফি পণ্য অবৈধভাবে আমদানিপূর্বক বিএসটিআই'র অনুমোদন ব্যতিরেকে বেশকিছু ব্যবসায়ী/প্রতিষ্ঠান বিক্রয় / বিতরণ করছে। উক্ত অভিযোগের প্রেক্ষিতে তদন্ত করে সত্যতা পাওয়ায় মোবাইল কোর্টের মাধ্যমে গুলশান এলাকায় অভিযান পরিচালনা করে ২ লক্ষ টাকা জরিমানা করা হয়েছে।
- ৩। জনাব জামাল উদ্দিন, শিক্ষক, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট হতে ইমেইল যোগে টাইগার ব্র্যান্ডের মশলায় ক্ষতিকর রং মেশানো হয়েছে মর্মে অভিযোগ করা হয়। উক্ত অভিযোগের প্রেক্ষিতে অভিযোগকারীর প্রতিনিধির উপস্থিতিতে খোলাবাজার হতে পণ্যটির নমুনা সংগ্রহ করে বিএসটিআই ল্যাবে পরীক্ষা করা হয়। পরীক্ষান্তে পণ্যটিতে কোন ক্ষতিকর কিছু পাওয়া যায়নি। তবে ময়েশচার প্যারামিটারে অকৃতকার্য হওয়ায় প্রতিষ্ঠানটিকে শোকজ করা হয়েছে।
- ৪। শিহাব বেকারি, সূত্রাপুর, ঢাকার বিরুদ্ধে বিএসটিআই'র অনুমোদন ব্যতিরেকে বেকারি পণ্য উৎপাদন ও বিক্রি-বিতরণের অভিযোগ পাওয়া যায়। অভিযোগটি তদন্ত করে সত্যতা পাওয়ায় মোবাইল কোর্টের মাধ্যমে ২৫ হাজার টাকা জরিমানা করা হয়েছে।

পরিশিষ্ট 'খ' (অনিষ্পত্তিকৃত অভিযোগের বিবরণ)

- ১। বিএসটিআই জেলা অফিস, কুমিল্লায় কর্মরত জনাব মোঃ শহিদুল ইসলাম, ফিল্ড অফিসার (সিএম) এর বিরুদ্ধে নথি আটকিয়ে অর্থ আদায়ের অভিযোগ পাওয়া গিয়েছে। অভিযোগটি তদন্তানাহীন রয়েছে। তদন্ত প্রতিবেদন প্রাপ্তির পর বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ২। বিএসটিআই বিভাগীয় অফিস, সিলেটে কর্মরত জনাব খাজা আহম্মেদ, ডাটা এন্ট্রি অপারেটর এর বিরুদ্ধে অননুমোদিত ছুটি কাটানোর মাধ্যমে অফিস শৃঙ্খলা ভঙ্গের অভিযোগ পাওয়া গিয়েছে। অভিযোগটি তদন্তানাহীন রয়েছে। তদন্ত প্রতিবেদন প্রাপ্তির পর বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।